
26

আজকের কাগজ

তারিখ ... 03 JUN 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ৩

# স্বনির্ভর বাংলাদেশ গাইবান্ধার ৩৫টি গ্রামে ৩০২টি গণশিক্ষা কেন্দ্র পরিচালনা করছে

**গোবিন্দগঞ্জ প্রতিনিধি ঃ** নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে স্বনির্ভর বাংলাদেশ গাইবান্ধা জেলার ফুলছড়ি থানার গজারিয়া ইউনিয়নের বাউশি গ্রামে বয়স্ক শিক্ষার ব্যাপক কার্যক্রম গ্রহণ করেছে। স্বনির্ভর বাংলাদেশ গাইবান্ধার বাউশি গ্রামটিকে নিরক্ষর মুক্ত গ্রাম হিসেবে গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছে। সম্প্রতি বাংলাদেশ টেলিভিশনের মুখ্য বার্তা সম্পাদক রফিকুল ইসলাম সরকার এবং স্বনির্ভর বাংলাদেশের আঞ্চলিক সম্পাদক অভিরাম সূত্রধর এই গ্রামে গিয়ে গণশিক্ষা কার্যক্রমের অগ্রগতি দেখেন। তাঁরা লক্ষ্য করেন গ্রামটিকে সম্পূর্ণরূপে নিরক্ষরমুক্ত করা এবং মহিলা ও পুরুষদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ছোট বড় প্রকল্প গ্রহণের জন্যে ব্যাপক আগ্রহ সৃষ্টি হয়েছে। বাউশি গ্রামের ৫টি স্বনির্ভর বয়স্ক শিক্ষা কেন্দ্রে ১২১ জন বয়স্ক মহিলাকে অক্ষর জ্ঞান সম্পন্ন করে তোলা হচ্ছে। গ্রামের ৫ জন শিক্ষিত মহিলা কর্মি এসব কেন্দ্রে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে শিক্ষা দান করছে। প্রসংগত উল্লেখ্য, বাউশী গ্রামের তৈজন বিবি নামের ৭০ বছর বয়সের একজন বৃদ্ধা মহিলাও স্বতঃস্ফূর্তভাবে বাউশী ৩নং বয়স্ক শিক্ষা কেন্দ্রে শিক্ষা গ্রহণ করছে। উল্লেখ্য, নিরক্ষরতা দূরীকরণের লক্ষ্যে স্বনির্ভর বাংলাদেশ গাইবান্ধা জেলার ৭টি থানায় ৩৫টি গ্রামে ৩০২টি গণশিক্ষা কেন্দ্র পরিচালিত হচ্ছে। কর্মসূচির আওতায় প্রতিটি থানায় ৫টি করে গ্রাম নিরক্ষর মুক্ত গ্রাম হিসেবে গড়ে তোলা হবে। গাইবান্ধার ৭ হাজার ১৭০ জন নিরক্ষর পুরুষ ও মহিলা এসব বয়স্ক শিক্ষা কেন্দ্রে শিক্ষা গ্রহণ করছে। ৩৫ জন শিক্ষিত কর্মি স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে এসব গণশিক্ষা কেন্দ্রে শিক্ষা দান করছেন।



স্বনির্ভর বাংলাদেশ গাইবান্ধা অঞ্চলের কর্মিদের সঙ্গে গাইবান্ধা জেলার নিরক্ষরতা দূরীকরণ সম্পর্কে আলোচনা সভায় বক্তব্য রাখছেন বিটিভি'র মুখ্য বার্তা সম্পাদক রফিকুল ইসলাম সরকার